# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

চর্তুবিংশ বর্ষ (প্রথম সংখ্যা)
জানুয়ারি ২০১৩



***Life is short, the vanities of the world are transient, but they alone live who live for others, the rest are more dead than alive.***

—*Swami Vivekananda*

## সম্পাদকীয়

পরিবর্তন জগতের এক অনিবার্য প্রক্রিয়া। বিবর্তন তথা পরিবর্তনের ধারা অনুসরণেই মানবসভ্যতার বর্তমান অবস্থান। পরিপার্শ্বের সকল পরিবর্তন সর্বদা কাম্য না হলেও একে অস্বীকারও করা যায় না। বৃহত্তর পরিপ্রেক্ষিতটি ছেড়ে দিয়ে আমরা আমাদের দৃষ্টি ফেরাতে পারি বিদ্যামন্দির এবং প্রাক্তনী সংসদের দিকেও। সময়ের দাবী মেনে বিদ্যামন্দির নিজেকে যুগোপযোগী করে নিয়েছে—আধুনিক বিদ্যাচর্চার প্রয়োজনে নিজেকে পাল্টে ফেলেছে অনেকটাই। পরিবর্তন এসেছে প্রাক্তনী সংসদের কর্মধারায়। নতুন কর্মসূচী গ্রহণ ও পুরনো কর্মসূচীর প্রসারে পিছিয়ে নেই সংসদ। প্রাক্তনীবার্তার ব্যবস্থাপনাতেও পরিবর্তন এসেছে কিছুটা। দীর্ঘকাল নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে প্রধান সম্পাদকের দায়িত্ব পালন করার পর সংসদের সহ সভাপতি নিত্যনিরঞ্জন কুণ্ডু মহাশয় তাঁর দায়িত্ব থেকে অব্যাহতি নিয়েছেন। তাঁকে আমাদের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

অনেকে অনুযোগ করেন, প্রাক্তনী বার্তায় প্রাক্তনীদের 'বার্তা' থাকে না তেমন। এই অনুযোগ পুরোপুরি অস্বীকার করি না। আমরা কিন্তু অসহায়—কেননা এমন বার্তার সন্ধান করেও তেমন সাড়া পাওয়া যায় নি। আমাদের মুখপত্রটিকে আরো আকর্ষণীয় করার জন্যে প্রাক্তনীদের মূল্যবান মতামত প্রয়োজন। চাই তাঁদের সংবাদও। আশা করি প্রাক্তনীরা এ বিষয়ে তাঁদের সাহায্যের হাত বাড়িয়ে দেবেন।

—প্রধান সম্পাদক

**আপনার পরিচিত কোন সতীর্থ যদি এখনও সংসদের সদস্যপদ গ্রহণ করে না থাকেন তাহলে তাঁকে অনুরোধ করুন সদস্যপদ গ্রহণ করতে। আজীবন সদস্য পদের জন্য দেয় ১০০০.০০ (এক হাজার) টাকা এবং ভর্তি ফি ২০.০০ (কুড়ি) টাকা মাত্র।** —কর্মসচিব

# List of Members of the Executive Committee of Ramakrishna Mission Vidyamandira Alumni Association for 2012-2015

| Sl. | Name | Post held | Address | Occupation | Phone No. |
|---|---|---|---|---|---|
| 1. | Swami Divyanandaji | Patron | Ramakrishna Mission Saradapitha<br>Belur Math, Howrah | Monk | 2654 5892<br>94340 52479 |
| 2. | Swami Tyagarupanandaji | Patron | Ramakrishna Mission Vidyamandira<br>Belur Math, Howrah | Monk | 94334 22418 |
| 3. | Swami Shastrajnananda | Patron | Ramakrishna Mission Vidyamandira<br>Belur Math, Howrah | Monk | 94320 90889 |
| 4. | Dr. Satchidananda Dhar | Patron | 95/43, Bosepukur Road<br>Kolkata-700 042 | Retired | 2442 0453 |
| 5. | Sri Asish Ray | Patron | 67/3/3, College Road, Howrah-711103 | Retired | 93397 95997 |
| 6. | Dr. Biswanath Das | President | 'Bholanath Dham'<br>41/1/K, Hazrapara Lane, Bally, Howrah | Retired | 98305 20695 |
| 7. | Sri Nityaniranjan Kundu | Vice President | 'Sreemati Kutir'<br>41/1/J, Hazrapara Lane, Bally, Howrah | Retired | 2654 3916 |
| 8. | Sri Tapan Kumar Ghosh | Vice President | Ramakrishna Mission Vidyamandira<br>Belur Math, Howrah | Service | 2654 3733<br>98366 18143 |
| 9. | Sri Manoj Kumar Bhattacharyya | Secretary | 39, Harakumar Tagore<br>Strand, Baranagore, Kolkata-700 036 | Lawyer | 98314 64660<br>2558 7558 |
| 10. | Sri Kalyan Bandyopadhyay | Joint Secretary | 43/J, Mukherjee Para,<br>Chatra (Serampore), Hooghly-712204 | Retired | 2622 0032<br>94322 47257 |
| 11. | Sri Shuvendu Majumder | Joint Secretary | Vill. Moyna, Nabagram<br>Barddhaman-713 166 | Service | 94345 74124<br>03451-276216 |
| 12. | Sri Suvojit Dutta | Treasurer | 83/1/I, Santiram Rasta,<br>Bally, Howrah-711 201 | Service | 2654 4669<br>94334 51591 |
| 13. | Sri Udayan Gangopadhyay | Member | Prantik Apartment,<br>2nd Floor, Flat No. 205,<br>41/2, Laxmi Narayantala Road,<br>PO-Botanical Garden, Howrah-711103 | Retired | 2668 6018<br>98301 14101 |
| 14. | Sri Gautam Goswami | Member | SBI Officers' Complex<br>Flat No. A-301, 19, Convent Road,<br>Kolkata-700 014 | Service | 98304 20624 |
| 15. | Sri Tulsidas Bandyopadhyay | Member | Chowdhury Para, Haripal<br>P.O. Khamar Chandi<br>Dist. Hooghly-712 405 | Service | 94333 19828 |
| 16. | Sri Anup Kumar Das | Member | 33/33/1, Peary Mohan Mukherjee<br>Street, Belur Math, Howray | Service | 94331 79466 |
| 17. | Sri Susanta Dey | Member | 1, Shibnath Mukherjee<br>Lane, Block-B, Flat No. 401<br>Bhadrakali, Hooghly | Service | 94333 46353<br>2664 9919 |
| 18. | Sri Goutam Mukhopadhyay | Member | Ramakrishna Mission Vidyamandira<br>Balur Math, Howrah | Service | 9830188805 |
| 19. | Sri Sanjit Dey | Member | FD-273, Sector-III,<br>Salt Lake City, Kolkata-700 106 | Service | 98830 26880<br>90883 19269 |
| 20. | Bratin Das | Member | 'Bholanath Dham'<br>41/1/K, Hazrapara Lane, Bally, Howrah | Service | 98309 19012 |
| 21. | Sri Sandip Bose | Permanent Invitee | 2M, Block I, Space Town<br>Housing Complex, VIP Road,<br>Kolkata-700 052 | Business | 98312 20913 |
| 22. | Sri Subash Chandra Bhatt | Permanent Invitee | 30/6/1, Thakur Ramakrishna Lane,<br>Howrah-711 104 | Service | 94334 76776 |

# বার্ষিক সাধারণ সভা—২০১২

গত ১৫ই আগস্ট, ২০১২ তারিখ বিকাল ৩.৩০ মিনিটে বিদ্যামন্দিরের বিবেকানন্দ হলে অনুষ্ঠিত হল প্রাক্তনী সংসদের ২৫তম বার্ষিক সাধারণ সভা। সংসদ সভাপতি শ্রী বিশ্বনাথ দাসের সভাপতিত্বে ও অন্যতম সহ-সভাপতি শ্রী তপন কুমার ঘোষের সঞ্চালনায় সভা শুরু হয়। শুরুতেই বিদ্যামন্দিরের বর্তমান ছাত্ররা বৈদিক মন্ত্রোচ্চারণ করে। সভায় উল্লেখযোগ্য উপস্থিতি ছিল প্রাক্তনী এবং বিদ্যামন্দির তথা সারদাপীঠের সম্পাদক পূজনীয় স্বামী দিব্যানন্দজী মহারাজের। বিদ্যামন্দিরের অধ্যক্ষ পূজনীয় স্বামী ত্যাগরূপানন্দজী মহারাজ সভায় উপস্থিত সকল প্রাক্তনী ও অতিথি অভ্যাগতদের স্বাগত জানান। বিদ্যামন্দিরের উন্নতিতে প্রাক্তন ছাত্রদের প্রশংসনীয় ভূমিকা নেওয়ার কথা তিনি উল্লেখ করেন এবং বিদ্যামন্দিরের বর্তমান পরিস্থিতির বিবরণ দেন। এরপর সংসদের প্রয়াত সদস্যদের আত্মার শান্তিকামনায় ১মিনিট নীরবতা পালন করা হয়। সভায় উপস্থিত প্রাক্তনীদের দশক অনুযায়ী পরিচিতি নেওয়া হয়।

এরপর কার্যনির্বাহী সমিতির অন্যতম সদস্য শ্রী শুভেন্দু মজুমদার গত ১৫ই আগস্ট, ২০১১তারিখে আয়োজিত ২০১০-১১অর্থবর্ষের বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করেন। প্রাক্তনী শ্রী আশীষ কুমার সিনহার প্রস্তাবনায় ও শ্রী গৌতম কুমার ঘোষের সমর্থনে তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর ২০১১-১২ আর্থিক বৎসরের সম্পাদকীয় প্রতিবেদন সভায় পেশ করেন সংসদ সম্পাদক শ্রী মনোজ কুমার ভট্টাচার্য্য। বিগত অর্থবর্ষে সংসদে কাজকর্মের গতিপ্রকৃতি, ছাত্রবৃত্তিসহ বিভিন্ন প্রকল্পে প্রাক্তনীদের অবদান, প্রাক্তনীবার্তা প্রকাশনা, স্মারক বক্তৃতার আয়োজন এবং সর্বোপরি বিগত বৎসরব্যাপী পুনর্মিলন উৎসব সহ নানা অনুষ্ঠানের মাধ্যমে সংসদের রজত-জয়ন্তী উদ্‌যাপন—এ সবই ছিল তাঁর প্রতিবেদনের মূল বিষয়। এছাড়া ছাত্রবৃত্তি প্রকল্পে নবতম সংযোজিত বেশ কয়েকটি ব্যক্তিগত ও সমষ্টিগত অনুদান এবং সদ্যসমাপ্ত পুনর্মিলন উৎসবে সর্বাধিক আয়ের কথাও তিনি উল্লেখ করেন। বিদ্যামন্দিরের রন্ধনশালা আধুনিকীকরণ প্রকল্পে ও জাপানের বিধ্বংসী ভূমিকম্পে আর্থিক সহায়তাদানে প্রাক্তনীদের প্রশংসনীয় ভূমিকার কথা তিনি উল্লেখ করেন। পরিশেষে তিনি আন্তরিক কৃতজ্ঞতা জানান বিদ্যামন্দির কর্তৃপক্ষ, কার্যনির্বাহী সমিতির সদস্যবৃন্দ ও সংসদের হিসাব পরীক্ষক কলকাতার মনোরঞ্জন রায় এণ্ড কোং সংস্থাকে। প্রতিবেদনটি সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় প্রাক্তনী শ্রী ধীমান গাঙ্গুলীর প্রস্তাবনায় ও শ্রী দ্বিজেন্দ্রলাল সরকারের সমর্থনে।

এরপর ২০১১-১২ অর্থবর্ষের আয়-ব্যয়ের পরীক্ষিত (Audited) হিসাব সভায় পেশ করেন কোষাধ্যক্ষ শ্রী কল্যাণ বন্দ্যোপাধ্যায়। এ প্রসঙ্গে আলোচনায় অংশ নেন প্রাক্তনী শ্রী ধীমান গাঙ্গুলী, শ্রী সিতাম্বু শেখর চট্টোপাধ্যায় ও অধ্যক্ষ স্বামী ত্যাগরূপানন্দজী মহারাজ। স্বল্প আলোচনার পর আর্থিক প্রতিবেদনটি উপস্থিত সকলে গ্রহণ ও অনুমোদন করেন—প্রস্তাবক ও সমর্থক ছিলেন যথাক্রমে প্রাক্তনী শ্রী উদয়ন গাঙ্গুলী ও শ্রী নির্মল ব্যানার্জী। সংসদের অফিসে কাজের পরিধি বেড়ে যাওয়ায় অধ্যক্ষ মহারাজ একজন অংশকালীন কর্মী নিয়োগের প্রয়োজনীয়তার কথা জানান। সভা এই প্রস্তাবে সহমত প্রকাশ করে। ২০১১ -১৩ অর্থবর্ষের জন্য মনোরঞ্জন রায় এণ্ড কোং সংস্থাকে সংসদের অডিটর নিয়োগের প্রস্তাব দেন প্রাক্তনী শ্রী জীবনকৃষ্ণ গাঙ্গুলী ও সমর্থন করেন শ্রী চঞ্চল কুমার ঘোষ। সভায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। এরপর কার্যনির্বাহী সমিতির অন্যতম সদস্য শ্রী তুলসীদাস বন্দ্যোপাধ্যায় "আচার্য ঋণ স্বীকার" প্রকল্পে তাঁর সহপাঠী ও অন্যান্য প্রাক্তনীদের থেকে সংগৃহীত মোট ২০,০০০ টাকা অধ্যক্ষ মহারাজের হাতে তুলে দেন। আর এক প্রাক্তনী শ্রী সিতাম্বু শেখর চট্টোপাধ্যায় এই প্রকল্পে অনুদানস্বরূপ আরও ৫০০০ টাকার চেক প্রদান করেন। প্রথম বর্ষের প্রাক্তনী শ্রী শচীন্দ্রনাথ চক্রবর্তী সংসদের সাধারণ তহবিলে ৫০০ টাকা দান করেন। তিনি সংসদের প্রতিষ্ঠাতা সভাপতি ও তাঁরই সহপাঠী প্রয়াত নচিকেতা ভরদ্বাজ সম্পর্কে স্মৃতিচারণ করেন। সংক্ষিপ্ত বক্তব্য রাখেন প্রাক্তনী শ্রী রামকৃষ্ণ ব্যানার্জী।

এরপর পূজনীয় স্বামী দিব্যানন্দজী মহারাজ তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে উপস্থিত সকলকে শ্রদ্ধা ও শুভেচ্ছা জানান। তিনি প্রাক্তনীদের অনুরোধ জানান বর্তমান ছাত্রদের সঠিক পথে চালিত হওয়ার অনুপ্রেরণা দেওয়ার জন্য এবং তাঁদের শ্রী শ্রী ঠাকুরের কাছে প্রার্থনা করতে বলেন যাতে ছাত্ররা বাইরের দূষিত পরিবেশ থেকে নিজেদের মুক্ত রাখতে পারে। অতঃপর অধ্যক্ষ মহারাজ ২০১২-১৫ অর্থবর্ষের জন্য প্রাক্তনী সংসদের নতুন কার্য-নির্বাহী সমিতির প্রস্তাবিত নামের তালিকা পেশ করেন। উপস্থিত সকলে তা অনুমোদন করেন এবং নবনির্বাচিত সদস্যদের স্বাগত ও অভিনন্দন জানান।

সভাপতির ভাষণে শ্রী বিশ্বনাথ দাস বিদ্যামন্দিরের কাজে প্রাক্তনী সংসদের ইতিবাচক ভূমিকার কথা তুলে ধরেন। তিনি উল্লেখ করেন, বহু প্রাক্তনী নিজ নিজ এলাকায় নানা গঠনমূলক কাজের দ্বারা সমাজে লক্ষণীয় পরিবর্তন এনেছেন। পরিশেষে প্রথা মেনে ধন্যবাদ জ্ঞাপন করেন সংসদের অন্যতম যুগ্ম-সম্পাদক শ্রী অনুপ কুমার দাস। তিনি বিদ্যামন্দিরের মহারাজবৃন্দ ও প্রাক্তনীদের শ্রদ্ধা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। সংসদের সদস্যবৃন্দকে তিনি ধন্যবাদ জানান বর্তমান কার্যনির্বাহী সমিতির উপর আস্থা রাখার জন্য। সমবেত জাতীয় সংগীতের পর সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

—সুশান্ত দে

# প্রাক্তনী সংসদ সমাচার

স্বামী বিবেকানন্দের ১৫০তম জন্ম বার্ষিকীতে প্রাক্তনী সংসদ তাঁর বাণী অনুসরণ করে প্রাক্তনীদের সক্রিয় সহযোগিতায় বিদ্যামন্দিরের মধ্যে ও বাইরে কর্মকাণ্ডের প্রসার ঘটাচ্ছে। প্রাক্তনী সংসদের সীমিত সামর্থ্যের মধ্যে চালু প্রকল্পগুলির রূপরেখা নিম্নে দেওয়া হলো।



স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতায় অধ্যাপক শেখ মকবুল ইসলাম

**স্বাস্থ্য প্রকল্প ঃ**

বেলুড় শ্রমজীবী হাসপাতালের সক্রিয় সহযোগিতায় প্রাক্তনী সংসদের স্বাস্থ্য প্রকল্পটি বেশ সাফল্যের সঙ্গে এগিয়ে চলেছে। জুলাই, ২০১২-এ প্রকাশিত প্রাক্তনীবার্তার পর থেকে এই প্রতিবেদন লেখা পর্যন্ত মোট ১৩ জন রোগীকে ৬,৫০০ টাকা সাহায্য দেওয়া সম্ভব হয়েছে। এছাড়া বিদ্যামন্দিরের বর্তমান ১জন ছাত্রকে মোট ১৫,০০০ টাকা চিকিৎসার জন্য দেওয়া সম্ভব হয়েছে।

**ছাত্রবৃত্তি প্রকল্প ঃ**

১৯৬৮-১৯৭১ বর্ষের প্রাক্তনীরা এই প্রকল্পে এখনও পর্যন্ত সংসদের হাতে মোট ১৯, ৪৮, ৫০২ টাকা তুলে দিয়েছেন। এছাড়া ১৯৭৬-৭৯, ১৯৮৯-৯১, ২০০২-০৫, ২০০৫-০৮ শিক্ষাবর্ষের প্রাক্তনছাত্ররা এবং অন্যান্য প্রাক্তনীরাও এই প্রকল্পে নীরবে তাঁদের সাহায্যের হাত প্রসারিত করেছেন। এঁদের সকলকে সংসদের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

**স্মারক বক্তৃতা ঃ**

গত ১৫ই আগষ্ট, ২০১২-তারিখে বিবেকানন্দ সভাগৃহে রানী রাসমণি স্মারক বক্তৃতার আয়োজন করা হয়েছিল। এবারে বক্তব্য রাখেন আশুতোষ কলেজের অধ্যাপিকা রাইকমল দাশগুপ্ত। তাঁর বক্তৃতার বিষয় ছিলঃ—"শ্রী শ্রীমা সারদাদেবী ও স্বামী বিবেকানন্দ।" অধ্যাপিকা দাশগুপ্তর তথ্যসমৃদ্ধ মনোজ্ঞ বক্তৃতা সকলকে আকৃষ্ট করে।

এছাড়া গত ১৩ই অক্টোবর, ২০১২-তারিখে সংসদ কর্তৃক আশা জ্যোতি কনফারেন্স হলে স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতাটির আয়োজন করা হয়। এবারের অনুষ্ঠানে বক্তা হিসাবে ছিলেন সেন্ট পল্স্ ক্যাথিড্রাল মিলন কলেজের বাংলা বিভাগের অধ্যাপক শেখ্ মক্‌বুল ইস্‌লাম। তাঁর বক্তৃতার বিষয় ছিল ঃ 'শ্রীরামকৃষ্ণদেব ও ইসলাম ধর্ম'।

**বার্ষিক সাধারণ সভা ঃ**

গত ১৫ই আগস্ট, ২০১২ তারিখে প্রাক্তনী সংসদের ২৫-তম বার্ষিক সাধারণ সভার আয়োজন করা হয়েছিল। সভায় সভাপতিত্ব করেন বিদায়ী সংসদ সভাপতি শ্রীবিশ্বনাথ দাস। বিদায়ী সংসদ সম্পাদক শ্রী মনোজ কুমার ভট্টাচার্য্য ২০১১-২০১২ আর্থিক বছরের সংসদের কর্মধারার বিস্তারিত প্রতিবেদন পেশ করেন। বিদায়ী কোষাধ্যক্ষ শ্রী কল্যাণ বন্দ্যোপাধ্যায় ২০১১-২০১২ অর্থবর্ষের আয়-ব্যয়ের পরীক্ষিত হিসাব পেশ করেন। সংক্ষিপ্ত আলোচনার পর সংসদের বার্ষিক প্রতিবেদন ও আয়-ব্যয়ের পরীক্ষিত হিসাব সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। এরপর বিদ্যামন্দির অধ্যক্ষ মহারাজ স্বামী ত্যাগরূপানন্দ ২০১২-২০১৫ অর্থবর্ষের নতুন কার্যনির্বাহী সমিতির নির্বাচিত সদস্যদের নাম ঘোষণা করেন। সভা এদের সকলকে স্বাগত জানায়। এই বার্ষিক সাধারণ সভার বিস্তারিত বিবরণ একটি পৃথক প্রতিবেদনে দেওয়া হল।

**বিবেকানন্দ সম্মেলন ঃ**



রানী রাসমণি স্মারক বক্তৃতায় অধ্যাপিকা রাইকমল দাশগুপ্ত

দার্জিলিং জেলায় এ বছরের (২০১২-১৩) বিবেকানন্দ সম্মেলন অনুষ্ঠিত হওয়ার কথা এগোচ্ছে। সম্মেলনকে সাফল্যমণ্ডিত করার জন্য সমতলে শিলিগুড়িতে বেদান্ত আশ্রম পরিচালিত সিস্টার নিবেদিতা স্কুলের সহযোগিতায় এবং পাহাড়ে দার্জিলিং শহরে সেন্ট রবার্ট স্কুলের সঙ্গে যোগাযোগ করা হয়েছে।

প্রাক্তনীসংসদের বিভিন্ন ব্যাচের প্রাক্তনীরা নিজেদের মধ্যে সংগঠিত হয়ে তাদের ব্যাচের নামে বিভিন্ন সময়ে সংসদের হাতে আর্থিক সহায়তা তুলে দিচ্ছেন। এর ফলে সংসদের কাজকর্মের গতি অব্যাহত থাকছে। এঁদের ধন্যবাদ। এ-ছাড়া প্রাক্তনী সংসদের কর্মকাণ্ডে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত প্রত্যেক প্রাক্তনী ও শুভানুধ্যায়ী সকলকে সংসদের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই।

—মনোজ কুমার ভট্টাচার্য্য

# News from Vidyamandira (June 2012 to Dec. 2012)



অম্বিকা সরকার ও যদুনাথ মেমোরিয়াল স্মারক বক্তৃতায় অধ্যাপক অমিতাভ রায়চৌধুরীর হাতে স্মারক তুলে দিচ্ছেন শিক্ষক সংসদের সম্পাদক অধ্যাপক দেবকুমার চক্রবর্তী

**Special Lecture :** As a part of 175 th birth anniversary celebration of Sri Ramakrishna a special lecture was organised on 8 Jun 2012. Gayatri Chakraborty Spivak, Professor of English and Comparative Literature, Columbia University, U.S.A. spoke on 'Sri Ramakrishna : a Sacred Life'. The session was chaired by Samik Bandopadhyay, renowned critic of Indian art, theatre and films.

**Foundation Day Lecture :** Swami Purnatmananda, Secretary, Ramakrishna Mission Swami Vivekananda's Ancestral House and Cultural Centre delivered the said lecture on 7 July 2012. He spoke on 'Swami Vivekananda's Concept of Education.'

**Other lectures and seminars :** Some other important lectures & seminars organised during the period are enlisted below :

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 21.7.12 | *Arab deshe Vivekanander Bhabadhara* | Somnath Bhattacharya, Professor, J. U. |
| 28.7.12 | *Prithibir Antim Kal* | Sri Ashoke Roy, Retired Geo-Chemist, Geological Society of India. |
| 12.8.12 | *Brahmander Utsa-sadhana* | Dr. Debiprosad Duari, M. P. Birla Institute of Fundamental Research |
| 15.8.12 | *Sri Sri Saradadevi O Swami Vivekananda* (Rasmoni Memorial Lecture) | Prof. Raikamal Dasgupta Ashutosh College |
| 25.8.12 | Japanese Attack on Pearl Harbour: Dec. 7, 1941 | Swami Sarvapriyananda, Acharyya, (Brahmachari Training Centre, Belur Math) |
| 15.9.12 | Ramanujan-Ek Bismay Prativa | Dr. Parthasarathi Mukherjee, Associate Professor, Ramakrishna Mission Residential College, Narendrapur |
| 12.10.12 | Nuclear Power: Problems and Prospects | Puskar Pal, Nuclear Power Corpn. of India Mumbai (Ex-student., 79-82) |
| 13.10.12 | *Sri Ramakrishnadeb O Islam Dharma* (Swami Tejasananda Memorial lecture) | Sk. Makbul Islam, St. Paul's Cathedral College, Kolkata. |
| 24.12.12 | The Story of Particles and Interaction : The Higgs/God Particle (Ambica Sarkar and Jadunath Majumdar Memorial Lecture) | Prof. Amitava Roychowdhury, Palit Professor of Physics, C.U. |



শারদোৎসবে শিক্ষক-শিক্ষাকর্মীদের নাটকের একটি দৃশ্য



বিদ্যামন্দিরে রক্তদান শিবির

**Students' Achievements :** A number of students of Vidyamandira participated in W. B. State Students' Youth Fair, 2012– initially at the district-level and later at the state-level. The fair was organised by the Youth Service Deptt., Govt. of W.B., State Council of Science and Technology and Birla Industrial and Technological Museum. At the district-level competitions held during 25-26 July 2012, the first and third prizes in model (U.G. level) were won by the students of Vidyamandira. At the state-level, the first prize in the P.G. Level of Rs. 25,000 in cash and a Giant Trophy was won by Argha Ghosh and Animesh Lahiri (M. Sc. 2nd Yr.) for their model on 'Tower of Hanoi and Nim Game'.

The following students of Economics Hons. performed creditably at the 'Confluence 2012'-Competitions organised by St. Xavier's College (Kolkata) among students studying Economics :

a) Vijay Shankar Roy and Judhajit Chakraborty—Runners up ( Event - Mock-Stock)

b) Sourish Datta : Runners-up (Event : Best Statistician)

**Seminar on Career Conselling :** A half-day seminar was organised on 27 September 2012 for the purpose. The experts to guide the students in career-choice were Suparno Kanti Karati, Director, Academics and Kaulik Ghosh, Anandabazar Patrika. Incidentaly both of the consultants are ex-students of Vidyamandira.

**Blood Donation :** A voluntary blood donation camp was organised by the N.S.S. unit of the College on 2 September, 2012 with the collaboration of Association of Voluntary Blood Donors. Students participated enthusiastically at the camp and a total of 180 units of blood was collected that day.

**Saradotsava :** In Sarodotsava a part from other items three plays were staged. They were : Anyarakam (Script : Prof. Asim Chowdhry/ staged by teaching and non-teaching staff of the college), Mahavidya (Script : Manoj Mitra/staged by hostel staff) and Bharate Chai (Script : Narayan Gangopadhyay / staged by students of the Vidyamandira).

**Examination result :** The following —is the synopsis of the result of B.A./B.Sc. Part III Honours (& Major) Examination, Published on 6 July, 2012 :

| Sl. No. | Subject | (60%+) | Appeared Total | 2012 Ranks (Within 20) |
|---|---|---|---|---|
| 1 | Mathematics | 14 | 18 | 1st (Jt.), 11 (Jt.), 14, 16, 17 (Jt.) |
| 2 | Physics | 10 | 20 | 9 (Jt) |
| 3 | Chemistry | 27 | 27 | 5, 8, 10, 17 |
| 4 | Comp. Sc. | 7 | 7 | 4th, 13th, 15th, 16th, 18th |
| 5 | Microbiology | 5 | 11 | ... |
| 6 | Economics | 7 | 12 PNC-4 | ... |
| 7 | Political Science | 5 | 8 | 1, 7 (Jt), 8, 10 |
| 8 | History | 0 | 8 | ... |
| 9 | Philosophy | 4 | 10 PNC-1 | 2, 8, 10, 12 |
| 10 | Sanskrit | 10 | 11 | 1, 5, 10 (Jt), 14 |
| 11 | English | 1 | 12 | 2nd |
| 12 | Bengali | 2 | 8 | 12th (Jt), 17th (Jt) |
| 13 | Ind. Chem (M) | 11 | | Only one college in C.U. |
| | Total | 103 | 163 | |

**A Sudden Demise of 'A.K.' :** On 30th July, 2012 Arnab Kanjilal, Asstt. Professor, Deptt. of Economics, left us suddenly, following a massive heart attack. He was a young and energetic teacher and it will really be difficult to compensate the loss. A condolence metting was organised on 2 August, 2012 in the Vidyamandira.

**Resignation from Service :** Dr. Nachiketa Chattopadhyay, Reader of Statistics in the Deptt. of Economics has resigned from his service w.e.f. 30.11.12 to join the I.S.I. Kolkata. Dr. Chattopadhyay joined the Deptt. in 1987 and rendered valuable service to the students. He also took part in various activities of the college very effectively and was the convenor of the IQAC (Internal Quality Assurance Cell) of the College.

**Sudden demise of a student :** Anjan Kumar Mandal of 2nd year Sanskrit (H) was detected with Stevens Johnson Syndrome (caused by drug/medicine reaction). He was critically ill since 21 November, 2012 and was finally admitted to the Belle Vue Clinic on 24.11.12. In spite of sincere attempts made by all concerned, Anjan passed away on 10 December, 2012.

**Preparation for NAAC Visit :** Vidyamandira is preparing for a visit by NAAC team, expected to arrive in the College this year (in 2013). The team will inspect the college for reaccreditation. Hence, various departments of the college is now busy with activities—both academic and official—related to for the NAAC visit.

**—Tapan Kumar Ghosh**

## প্রকাশিত হল

প্রাক্তনী ডঃ বিজয়কৃষ্ণ পট্টনায়ক (১৯৫৯-৬১)-এর গবেষণামূলক গ্রন্থ-'The Role of the Masses in India's struggle for Freedom : Undivided Midnapur (1905-1944)—A case study কলকাতার পুঁথি-পুস্তক প্রকাশনা থেকে সম্প্রতি প্রকাশিত হয়েছে। গ্রন্থটির বৈশিষ্ট্য হল (১) ভারতের স্বাধীনতা আন্দোলনের অন্যতম পুরোধা অঞ্চল—অবিভক্ত মেদিনীপুর জেলায় সংঘটিত স্বাধীনতা আন্দোলনের বিভিন্ন পর্যায়ের গুরুত্ব এবং (২) সেই আন্দোলন সমূহে জনসাধারণের (Mass) ভূমিকা। স্বাধীনতা আন্দোলনের ইতিহাস চর্চায় এহেন প্রচেষ্টা এক নবতর প্রয়াস। প্রাক্তনীবার্তার পক্ষ থেকে ডঃ পট্টনায়ককে হার্দিক অভিনন্দন।

—নিত্যনিরঞ্জন কুণ্ডু

## প্রয়াত স্বামী স্বাহানন্দজী

চল্লিশের দশকের শেষে যে কয়েকজন তরুণ ব্রহ্মচারী ও সন্ন্যাসী এসে যোগ দিয়েছিলেন বিদ্যামন্দিরের বিপুল কর্মযজ্ঞে তাঁদেরই একজন ছিলেন পূজনীয় স্বাহানন্দজী বা বিপদভঞ্জন মহারাজ। শ্রীরামকৃষ্ণের সন্ন্যাসী পার্ষদ শ্রীমৎ স্বামী বিজ্ঞানানন্দজীর কাছে মন্ত্রদীক্ষা লাভ করেছিলেন বিপদভঞ্জন মহারাজ। বস্তুত এই সারদাপীঠেই শুরু হয়েছিল তাঁর রামকৃষ্ণ সংঘজীবন। বিদ্যামন্দিরের ছাত্রাবাস সহ বেশ কিছু দায়িত্বে তিনি নানা সময় কাজ করেছিলেন। পরবর্তীকালে তিনি মাদ্রাজ মঠ থেকে প্রকাশিত রামকৃষ্ণ সঙ্ঘের ইংরাজী জার্নাল বেদান্ত কেশরীর সম্পাদক হিসাবে কাজ করেন। তারপর দিল্লী শাখার প্রধান হিসেবে কয়েক বছর কাজ করার পর তাঁকে আমেরিকায় বেদান্ত প্রচারের কাজে পাঠানো হয়। সেখানে সান্‌ফ্রান্‌সিস্‌কো, বার্কলে শাখায় কাজ করার পরে ১৯৭৬ সাল থেকে হলিউড শাখার প্রধান রূপে কাজ করতে শুরু করেন। ভারতীয় সময় অনুযায়ী বিগত ২০-এ অক্টোবর ২০১২ তারিখে মধ্যরাত্রি ২ টা ২২ মিনিটে হলিউডের একটি হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। প্রয়াণকালে তাঁর বয়স হয়েছিল ৯১ বছর। বিদ্যামন্দির পরিবারের সঙ্গে বরাবরই তাঁর গভীর অন্তরের যোগ ছিল। প্রয়োজনমত নানা সময় নানা সহায়তাও তিনি পাঠিয়েছেন বিদ্যামন্দিরের নানা উন্নয়নমূলক কাজের জন্যে। আমরা গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি যে, প্রাক্তনী সংসদ প্রকাশিত এই 'প্রাক্তনী বার্তা' প্রকাশের জন্যে যে আর্থিক তহবিল আছে, তাকে সমৃদ্ধ করার জন্যেও তিনি কয়েক বছর আগে কিছু অর্থ দান করেছিলেন। তাঁর এই প্রয়াণে বিদ্যামন্দির পরিবার তার এক প্রাচীন সদস্যকে হারালো। ভগবান শ্রীরামকৃষ্ণের চরণে আমরা তাঁর বিদেহী আত্মার চিরশান্তি প্রার্থনা করি।

# বিদায় অঞ্জন !



অঞ্জন মণ্ডলের স্মরণসভায় তার রুমমেট অতনু পালের স্মৃতিচারণ

কালিন্দী-ইছামতি-রায়মঙ্গলের উজান বেয়ে জলজঙ্গলের দেশ সুন্দরবন থেকে সম্ভাবনার একটি বীজ এসে ঠাঁই নিয়েছিল ভাগীরথীর পশ্চিমকূলে স্বামীজী পরিকল্পিত বিদ্যামন্দিরের পুণ্যভূমিতে। ধীরে ধীরে সেই বীজ থেকে চারাগাছটি যখন একটু একটু করে বাড়ছে অনুকূল জলবাতাসে —তখনই নিষ্ঠুর ঝড়ের আঘাতে লুটিয়ে পড়ল মাটিতে—সূর্যের সন্ধানে আর মাথা তুলতে পারল না।

অঞ্জন কুমার মণ্ডল প্রত্যন্ত সুন্দরবনের সমশেরনগরের ছেলে। উচ্চমাধ্যমিকের পর সংস্কৃত স্নাতকস্তরে ভর্ত্তি হয়েছিল বিদ্যামন্দিরে। তৃতীয় সেমিস্টার পরীক্ষার আগে পূজাবকাশে দেশের বাড়িতে গিয়েছিল আর সকল ছাত্রের মত। কিন্তু সে ফিরে এল মারণ রোগের বীজ বহন করে। জগদ্ধাত্রীপুজোর আগের দিন থেকেই অসুস্থতার লক্ষণ ধীরে ধীরে ফুটে উঠতে থাকল। দ্রুত গতিতে রোগের প্রকোপ বাড়তে থাকায় স্থানীয় শ্রমজীবী হাসপাতাল ও সেবাপ্রতিষ্ঠান হয়ে শেষ পর্যন্ত তাকে ভর্তি করা হল কলকাতার বেলভিউ ক্লিনিকে—গত ২৪.১১.১২ তারিখে। বিশেষজ্ঞ চিকিৎসকরা জানালেন সে ভুগছে **Steven Johnson Syndrome** নামে এক মারাত্মক ড্রাগ অ্যালার্জিতে—যার আরোগ্য আদৌ সহজসাধ্য নয়।

যমে-মানুষে টানাটানি শুরু হল। দরিদ্র-কৃষক পরিবারের পক্ষে এই জটিল চিকিৎসার ব্যয়ভার বহন অসম্ভব ছিল। ছাত্রাবাসের বন্ধুরা এগিয়ে এল—এগিয়ে এলেন অভিভাবক, শিক্ষক, শিক্ষাকর্মী ও প্রাক্তনীরা। অকল্পনীয় সাড়া পাওয়া গেল সর্বস্তরে। সংগ্রহ হ'ল প্রায় নয় লক্ষ টাকা। প্রাণপাত করে ঝাঁপিয়ে পড়লেন বিদ্যামন্দিরের সন্ন্যাসী-ব্রহ্মচারীরা। হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকরা কেউ কেউ মানবিকতার দৃষ্টান্ত রেখে তাঁদের প্রাপ্য পারিশ্রমিক নিলেন না। সবাই অলৌকিক কোন কিছুর প্রত্যাশায় প্রহর গুণছিল।

কিন্তু পক্ষাধিক কালের লড়াইয়ে হার মানতে হ'ল অঞ্জন-কে। বিগত ১০. ১২. ১২ তারিখে সকাল ১০টা ১০মিনিটে আত্মীয় স্বজন ও বিদ্যামন্দির পরিবারকে শোকস্তব্ধ করে অঞ্জন চলে গেল। শীতের বিষণ্ণ বিকেলে তার মরদেহে শ্রদ্ধা নিবেদন করল বিদ্যামন্দির পরিবারের স্বজনরা। সংকটকালে বিদ্যামন্দির পরিবারের সকলে এগিয়ে এসে যেভাবে তার লড়াইয়ের সঙ্গী হল—চিরকাল তা স্মরণীয় হয়ে থাকবে। আর একবার প্রমাণিত হল—'বিদ্যামন্দির-পরিবার' শব্দটি বহু ব্যবহারে ক্লীশে হয়ে যায়নি। প্রমাণ হল আর একবার—মৃত্যু যতই অমোঘ হোক, জীবনের থেকে কখনও বড় নয়।


প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমণ্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ তপন কুমার ঘোষ

সদস্যবৃন্দ ঃ নিত্যনিরঞ্জন কুণ্ডু, স্বামী শাস্ত্রজ্ঞানন্দ, সুশান্ত দে, শুভেন্দু মজুমদার এবং মনোজ কুমার ভট্টাচার্য (কর্মসচিব)

প্রাক্তনীবার্তা প্রকাশনায় আর্থিক সহায়তা ঃ প্রয়াত নচিকেতা ভরদ্বাজ, স্বামী স্বাহানন্দজী, ডঃ সুব্রত গাঙ্গুলি, শ্রী বীরবিক্রম রায়, শ্রী সঞ্জয় পোদ্দার, শ্রী রাজমোহন চট্টরাজ, শ্রীমতী শ্রাবণী দে ও শ্রীমতী শিখা চাক্‌লানবীশ।


PRINTED MATTER

**BOOK POST**


**If undelivered, please return to :**

**Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202**

**E-mail : alumnividyamandira@gmail.com • Website : www.alumnividyamandira.in**



Published by Manoj Kumar Bhattacharyya, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association

Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah. Ph. : 2654-3536